

# লাইব্রেরি আন্দোলন বাংলাদেশ



৬১, বিজয় নগর, ঢাকা ১১০০

librarymovbd@gmail.com

Tel 02-996666519, Cell – 01681053806, 01711483611.

সূত্র : গ্রু না. ১. ২৫.০৪/১৯

তারিখ : ০৪/১০/২০২২ খ্রিস্টাব্দ

প্রাপক  
অধ্যক্ষ  
আনন্দ মোহন কলেজ  
ময়মনসিংহ।

বিষয় : কলেজের প্রথম বর্ষের শিক্ষার্থীদের ভ্রাম্যমান গ্রন্থাগারের সদস্য করে আলোকিত করা প্রসঙ্গে।

মহোদয়,

বঙ্গবন্ধুর স্বপ্নের জ্ঞানভিত্তিক উদার সমাজ গড়তে বর্তমান সরকার বদ্ধপরিকর। কিন্তু কেবলমাত্র সিলেবাসের পাঠ দিয়ে শিক্ষার্থীদের মনোজগত বিকাশিত হচ্ছেনা। অন্যদিকে গ্রামীণ জনপদে গ্রন্থাগার না থাকায় নুতন প্রজন্ম পাঠ্যভাষের মাধ্যমে উন্নত ভাবনায় সমৃদ্ধ জীবন গড়তে পারছেন। অন্যদিকে জাতীয় অবকাঠামো উন্নয়নের পাশাপাশি জ্ঞানভিত্তিক সমাজ গড়ে না ওঠলে দেশের সামগ্রিক উন্নয়ন ঘটানো সম্ভব নয়। অমন বাস্তবতায় সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সারাদেশের জেলা শহরে ভ্রাম্যমান গ্রন্থাগার চালু করেছে। এই সুযোগটি পূর্ণ ব্যবহার করতে আপনার কলেজের প্রথম বর্ষের সকল শিক্ষার্থীদের গ্রন্থাগারের সদস্য করে সামগ্রিক জীবন বিকাশের বই পড়ার সুযোগ করে দিতেন পারেন।

সপ্তাহে একদিন ভ্রাম্যমান গ্রন্থাগারটি আপনার কলেজ ক্যাম্পাসে এসে শিক্ষার্থীদের বই দেবে। তাতে প্রতিটি শিক্ষার্থী বাছাই তালিকার চারটি বই প্রতিমাসে পড়ার সুযোগ পাবে। অন্যদের চার বছরে এই শিক্ষার্থীরা অনেক বেশী আলোকিত হবে। ভ্রাম্যমান গ্রন্থাগারিক আপনার সাথে দেখা করে সমস্যা ঠিক করবে। বাংলাদেশে বই পড়া আন্দোলনের পথিকৃৎ আমাদের প্রিয়জন প্রফেসর আব্দুল্লাহ আবু সায়ীদ বাধ্যসূচিত শারীরিক জটিলতায় সারাদেশে জাগরণে নামতে পাড়ছেন না। তাঁর স্বপ্নের কর্মসূচিটি সংস্কৃতি মন্ত্রণালয় অর্থায়ন ও পরিচালনা করেছে। শিক্ষা মন্ত্রণালয় বিষয়টি অবহিত রয়েছে।

অতএব মহাত্মন, আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উন্নত মনোভঙ্গীর আলোকিত মানুষ হিসাবে গড়তে সর্বিনয় উদ্যোগী হবেন বলে আশা করছি। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলবে সেই আলোকিত প্রজন্ম।

জয় বাংলা।

ম.আ.কাশেম মাসুদ  
(অকসরভোগী সচিব)  
সভাপতি  
লাইব্রেরি আন্দোলন বাংলাদেশ

প্রফেসর আফজাল রহমান  
সাধারণ সম্পাদক  
লাইব্রেরি আন্দোলন বাংলাদেশ

## অধ্যক্ষের কার্যালয়

গত্র প্রাপ্তি নং ৪২০৬/২২ তারিখ ২২/১০/২২

- \* উপাধ্যক্ষ
- \* বিভাগীয় প্রধান
- \* সম্পাদক (শিঃ পঃ)
- \* আহ্বায়ক
- \* কমিটি
- \* BNCC/রোস্তার কাউন্সিল
- \* শরীর চর্চা শিক্ষক
- \* প্রধান সহকারি/হিসাব রক্ষক
- \* ভর্তি ও পরীক্ষা শাখা
- \* জলাব